গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বাজেট-১ শাখা
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০২১.২০.০০২.২৩.০৭

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০ / ২০ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়: মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়নের জন্য Ministry Budget Framework (MBF) হালনাগাদকরণ।**

সূত্র: বাজেট পরিপত্র-১, নং-০৭.১০১.০২০.০০.০০.০১১.২০২৩-৩৪৬, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মধ্যমেয়াদী বাজেট প্রণয়নের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের Ministry Budget Framework (MBF) এর হালনাগাদ বিবরণী নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

২০/২/২৪
আবেদা আফসারী
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৬৪০১
ইমেইল: budget1@ssd.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

[দৃ: আ: উপসচিব, বাজেট-৬ শাখা]

স্মারক নং-৫৮.০০.০০০০.০২১.২০.০০২.২৩.০৭

তারিখ: ০৭ ফাল্গুন ১৪৩০ / ২০ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২০/২/২৪
আবেদা আফসারী
উপসচিব

o/c

মঞ্জুরি নং- ৫৮

# ১৬১ - সুরক্ষা সেবা বিভাগ

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| পরিচালন ব্যয় | | | |
| উন্নয়ন ব্যয় | | | |
| মোট | | | |
| | | | |
| আবর্তক | | | |
| মূলধন | | | |
| আর্থিক সম্পদ | | | |
| দায় | | | |
| মোট | | | |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

দুর্যোগ মোকাবেলা, মাদক নিয়ন্ত্রণ, সুষ্ঠু কারা ব্যবস্থাপনা এবংবিদেশ গমনাগমন সহজ, টেকসই ও সময়োপযোগী করার মাধ্যমে নাগরিক সেবা ও মর্যাদা বৃদ্ধি।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ জনসাধারণের বিদেশ গমনাগমন সহজিকরণ;

১.২.২ দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণ;

১.২.৩ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;

১.২.৪ সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ;

১.২.৫ দ্বৈত নাগরিকত্ব, ওয়ার্ক পারমিট, ভিসার শ্রেণি পরিবর্তন, অভিবাসী প্রত্যাবর্তন, ভিসা অন এ্যারাইভাল সংক্রান্ত কার্যক্রম পরিচালনা;

১.২.৬ কারা বন্দিদের নিরাপত্তার স্বার্থে কারা নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়ন;

১.২.৭ কারাবন্দিদের নিরাপদ হেফাজত ও কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর;

১.২.৮ মাদক ও নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ;

১.২.৯ বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট প্রদান এবং বিদেশি নাগরিকদের ভিসা প্রদান সহজিকরণ;

১.২.১০ স্বয়ংক্রিয় ইমিগ্রেশন প্রক্রিয়া সম্পন্নকরণ;

১.২.১১ বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম পরিচালনা; এবং

১.২.১২ অগ্নিসহ অন্যান্য দুর্যোগ প্রতিরোধ ও প্রশমনে ব্যবস্থা গ্রহণ ও উদ্ধার কাজ পরিচালনা।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর-সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | • ওয়েবসাইটে সেবা প্রাপ্তির সকল তথ্য-ফরম সংযোজন<br>• কম্পিউটার ল্যাব স্থাপন, কর্মকর্তা-কর্মচারিদের আইসিটি নির্ভর প্রশিক্ষণ প্রদান | • সচিবালয় |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর-সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ২. দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণ | • দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী উদ্ধারকার্য পরিচালনা<br>• অগ্নি নিরাপত্তা ব্যবস্থাদি জোরদারকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন<br>• অগ্নি নির্বাপনী প্রশিক্ষণ এবং মহড়া ও অগ্নি নির্বাপণ<br>• উদ্ধার কার্যক্রমের দক্ষতা ও সরঞ্জাম বৃদ্ধি | • ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৩. মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ | • সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা<br>• মাদক বিরোধী অভিযান পরিচালনা<br>• মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন | • মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ৪. দেশি-বিদেশি নাগরিকদের বৈদেশিক ভ্রমণ সহজিকরণ | • দেশে/বিদেশে বাংলাদেশী নাগরিকদের ই-পাসপোর্ট ইস্যুকরণ<br>• অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন স্বয়ংক্রিয় ই-গেইট স্থাপন<br>• ই-ভিসা এবং ই-টিপি বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ | • ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| | • দ্বৈত নাগরিকত্ব সনদ প্রদান | • সচিবালয় |
| ৫. কারাবন্দিদের নিরাপদ হেফাজত ও কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর | • কারাবন্দিদের সেবার মান উন্নয়ন<br>• কারাবন্দিদের বিভিন্ন ট্রেডে মৌলিক/পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান | • কারা অধিদপ্তর |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পেলে অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানবসৃষ্ঠ দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি পাবে, জনসাধারণের বিদেশ গমনাগমন সহজ হবে, মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার হ্রাস পাবে, কারাবন্ধিদের নিরাপদ হেফাজত ও উন্নত সেবা নিশ্চত হবে-যা পরোক্ষভাবে দারিদ্র নিরসনের উপর ইতিবাচক বূমিকা রখাবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রাকৃতিক ও মানবসৃষ্ঠ সকল দুর্যোগ প্রথম সাড়াদানকারী প্রতিষ্ঠান। সেবামুলক প্রতিষ্ঠান হিসেবে অধিদপ্তরটি অগ্নি নির্বাপণ ও প্রতিরোধ, দুর্ঘটনা/দুর্যোগে অনুসন্ধান ও উদ্ধার এবং প্রাথমিক চিকিৎসা, এ্যাম্বুলেন্স সেবা, কমিউনিটি ভলান্টিয়ার প্রস্তুত ও প্রশিক্ষণ প্রদান, অগ্নি লাইসেন্স ও নিরাপত্তামূলক ছাড়পত্র প্রদান ও যৌথ অভিযানসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে থাকে। দারিদ্রতা নিরসনে এসব কার্যক্রম গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করে থাকে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দারিদ্র্য নিরসনে ইতিবাচক ভূমিকার ফলে রাষ্ট্রের সমগ্র জনগোষ্ঠির জীবনযাত্রার মানের উপর ইতিবাচক প্রভাব পড়বে। ফলশ্রুতিতে নারীদের জীবনযাত্রার মান উন্নত হবে। অগ্নি-নির্বাপনসহ দুর্যোগ মোবাবেলায় নারীর অংশগ্রহণ ও জেন্ডার সমতা নিশ্চিতকরার লক্ষ্যে স্টেশন অফিসার, সাব-অফিসার, ওয়্যারলেস অপারেটর, নার্সিং এ্যাটেনডেন্ট, প্রশাসনিক কর্মকর্তাসহ বিভিন্ন দাপ্তরিক পদে নারী কর্মচারী নিয়োগ করা হয়েছে। এছাড়া ০৬ ডিসেম্বর ২০২০ এর সচিব কমিটির অনুমোদন এবং ২৪ জানুয়ারি ২০২১ এর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে বিভাগীয় 'ফায়ারম্যান' পদের নাম পরিবর্তন করে 'ফায়ার ফাইটার' নামকরণ করা হয়েছে। এতে করে এই পদে নারী কর্মী নিয়োগের কার্যক্রম সম্প্রসারিত হয়েছে।

#### ৩.১.২ দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** উন্নত প্রশিক্ষণ, আধুনিক অগ্নিনির্বাপক সরঞ্জামাদির ব্যবহারের মাধ্যমে অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করা গেলে দ্রুততম সময়ে জনসাধারণের সম্পদ এবং জীবন রক্ষা করা সম্ভব হবে। জনসাধারণের সম্পদ এবং জীবন সুরক্ষিত থাকলে তারা উৎপাদনমুখী কর্মকান্ডে নিজেদেরকে নিয়োজিত রাখতে সক্ষম হবে এবং দারিদ্রের হাত হতে রক্ষা পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** পুরুষের ন্যয় নারীরা সমাজের অবিচ্ছেদ্য অংশ। নারী পুরুষের যৌথ প্রচেষ্ঠার মাধ্যমে সমাজ ব্যবস্থার অধিকতর উন্নয়ন সম্ভব। উন্নত প্রশিক্ষণ, আধুনিক অগ্নিনির্বাপক সরঞ্জামাদির ব্যবহারের মাধ্যমে অগ্নি এবং অন্যান্য প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করা গেলে নারী-পুরুষ উভয়েরই সম্পদ এবং জীবন রক্ষা করা সম্ভব হবে। পুরুষের পাশাপাশি নারীদের সম্পদ এবং জীবন সুরক্ষিত থাকলে তারা উৎপাদনমুখী কর্মকান্ডে নিজেদেরকে নিয়োজিত রাখতে সক্ষম হবে যা নারী উন্নয়নের উপর ইতিবাচক প্রভাব ফেলবে।

#### ৩.১.৩ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদকবিরোধী কার্যক্রমের ফলে মাদকাসক্তদের সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পাবে। ফলে সমাজে কর্মক্ষম মানুষের সংখ্যা বৃদ্ধি পাবে যা দারিদ্র্য নিরসনে সহায়ক ভূমিকা রাখবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** মাদকাসক্ত মানুষের সংখ্যা হ্রাসের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে যা পরিবার ও সমাজ বিশেষ করে নারী সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

৩.১.৪ **দেশি-বিদেশি নাগরিকদের বৈদেশিক ভ্রমণ সহজিকরণ**

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** আন্তর্জাতিক অঙ্গনে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট প্রবর্তনের মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং এর মাধ্যমে জনশক্তি রপ্তানির ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হবে। এছাড়া ভিসা পদ্ধতি সহজিকরণের ফলে বিদেশি নাগরিকদের আগমনের হার বৃদ্ধি পাবে এবং বৈদেশিক বিনিয়োগ ও পর্যটন শিল্পের উন্নয়ন ত্বরান্বিত হবে। এর মাধ্যমে বহুমাত্রিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দরিদ্র জনগোষ্ঠির সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পাবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** আধুনিক ই-পাসপোর্ট এবং স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তণের ফলে বিদেশে গমনাগমনকে আরো উৎসাহিত করবে এবং এর মাধ্যেম বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা নারী উন্নয়নের গতিধারাকে আরো বেগবান করবে।

৩.১.৫ **কারা বন্দিদের নিরাপদ হেফাজত ও কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর**

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** শিক্ষামূলক প্রচারাভিযান ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে কারা অভ্যন্তরে বিচারাধীন ও দন্ডপ্রাপ্ত আসামীদের চিন্তা চেতনা ও জীবনযাত্রার প্রকৃতি পরিবর্তন করা গেলে তাদের অপরাধ প্রবণতা কমে আসবে। শিক্ষা ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে তাদের সংশোধন করা হবে। এ ছাড়া প্রশিক্ষণ সমাপনান্তে তাদের দ্বারা উৎপাদিত পণ্যের বিক্রয়লব্দ অর্থের লভ্যাংশের ৫০% পারিশ্রমিক তাদের প্রদান করা হচ্ছে যা দারিদ্র নিরসনের সহায়ক ভুমিকা রাখছে। বন্দিরা কারা মুক্তির পর চুরি, ডাকাতি, রাহাজানি, ছিনতাইয়ের মত অপরাধ ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসবে এবং নিজেদের ভাগ্য পরিবর্তনে উন্নয়নমূলক কর্মে নিয়োজিত হবে যা দারিদ্র নিরসনে সহায়ক ভূমিকা পালন করবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** পৃথকভাবে মহিলা কারাগার নির্মাণ, মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ, কারা নিরাপত্তা আধুনিকায়ন, মায়ের সাথে শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার স্থাপন, কারাগারের ধর্মীয় শিক্ষকবৃন্দের সন্মানি বৃদ্ধিকরণসহ নারী কারা বন্দিদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। শিক্ষা ও কর্মমুখী প্রশিক্ষণের মাধ্যমে তারা জীবনবোধ ও অধিকার সম্পর্কে সচেতন হবে। এ ছাড়া প্রশিক্ষণ সমাপনান্তে তাদের দ্বারা উৎপাদিত পণ্যের বিক্রয়লব্দ অর্থের লভ্যাংশের ৫০% পারিশ্রমিক তাদের প্রদান করা হচ্ছে যা নারী উন্নয়নে সহায়ক ভুমিকা রাখছে।

৩.২ **দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ**

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| দারিদ্র্য নিরসন | | | |
| নারী উন্নয়ন | | | |

৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programme)

| | অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|---|
| ১. | **প্রতিটি উপজেলায় (গ্যাপ এরিয়া, গ্রোথ সেন্টার ও দুর্গম এলাকায়) ফায়ার সার্ভিস স্টেশন স্থাপন**<br>মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা অনুযায়ী দেশের প্রতিটি উপজেলায় অন্যূন একটি ফায়ার স্টেশন স্থাপনের লক্ষ্যে বর্তমানে বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। বর্তমানে ৪৯২ টি ফায়ার স্টেশন স্থাপন করা হয়েছে। | • দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধিকরণ |
| ২. | **বহির্বিশ্বে গ্রহণযোগ্য পাসপোর্ট ও ই-ভিসা ব্যবস্থার প্রচলন**<br>বহির্বিশ্বে গ্রহণযোগ্য ই-পাসপোর্ট, ই-ভিসা এবং ইমিগ্রেশন ব্যবস্থার আধুনিকায়নকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • দেশি-বিদেশী নাগরিকের বৈদেশিক ভ্রমণ সহজিকরণ |
| ৩. | **মাদকের অপব্যবহার রোধকরণ**<br>গণসচেতনতামূলক কার্যক্রম, মাদক বিরোধী অভিযান এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসনের মাধ্যমে সুস্থ সমাজ বিনির্মাণের লক্ষ্যে মাদক ও নেশা জাতীয় দ্রব্যের অপব্যবহার কমিয়ে আনার কার্যক্রমকেও অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • মাদক ও নেশাজাতীয় দ্রব্যের অপব্যবহার রোধকরণ |
| ৪. | **কারা ব্যবস্থাপনা আধুনিকায়ন**<br>কারাগারসমূহকে সংশোধনাগার হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারা ব্যবস্থাপনা আধুনিকায়নকেও (নিরাপত্তা, অবকাঠামো ও প্রযুক্তিগত) অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • কারাবন্দিদের নিরাপদ হেফাজত ও কারাগারসমূহকে সংশোধনাগারে রূপান্তর |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| | | | | | | |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. সাড়া প্রদনকৃত অগ্নি দুর্ঘটনা | ২ | শতাংশ (%) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২. আধুনিক ইমিগ্রেশন ব্যবস্থাপনা | | | | | | | | | |
| ক) মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু | ৪ | হাজার | ৮০০ | ৯৮৯ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২০০ | ১০০ |
| খ) ই-পাসপোর্ট ইস্যু | | | ৩৫০০ | ৫৩৪৪ | ৪০০০ | ৪০০০ | ৪৫০০ | ৫০০০ | ৫৫০০ |
| গ) মেশিন রিডেবল ভিসা ইস্যু | | | ২৬০ | ৪৮ | ২৭০ | ২৭০ | ২৮০ | ২৯০ | ৩০০০ |
| ৩. অগ্নি নির্বাপনে সাড়া প্রদানকৃত সময় | ২ | মিনিট/প্রতি কি.মি. | ৫.৩০ | ৫.১৫ | ৫.১৫ | ৫.৩০ | ৫.১৫ | ৫.১৫ | ৫.১০ |
| ৪. কারা বন্দিদের আবাসন সমস্যা হ্রাস | ৫ | জন | ৪২৬০০ | ৪২৬২৬ | ৪২৭০০ | ৪২৭০০ | ৪২৮০০ | ৪২৯০০ | ৪৩০০০ |
| ৫ মাদক নির্মূলে অভিযান | ৩ | সংখ্যা | ৩৫০০০ | ৩৫১০০ | ৫৫০০০ | ৫৫০০০ | ৫৭০০০ | ৬০০০০ | ৬৫০০০ |

## ৬.০ অধিদপ্তর-সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** দ্বৈত নাগরিকত্ব, ওয়ার্ক পারমিট, ভিসার শ্রেণী পরিবর্তন, অভিবাসী প্রত্যাবর্তন, ভিসা অন এ্যারাইভাল সংক্রান্ত কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে যা বর্হিবিশ্বে দেশের ভাবমূর্তিকে আরো উজ্জ্বল করেছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. ওয়েবসাইটে সেবা প্রাপ্তির সকল তথ্য-ফরম সংযোজন | কভারেজ | ১ | শতাংশ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| ২. কম্পিউটার ল্যাব স্থাপন, কর্মকর্তা-কর্মচারিদের ICT নির্ভর প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ গ্রহণকারী | ১ | সংখ্যা | ২৫০ | ২৩০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৫০ | ২৮০ |
| ৩. দ্বৈত নাগরিকত্ব সনদ প্রদান | ইস্যুকৃত নাগরিকত্ব সনদ | ৪ | সংখ্যা (হাজার) | ৩.৫০ | ২.০০ | ৩.৫০ | ৩.৫০ | ৩.৫০ | ৩.৫০ | ৫.০০ |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.২ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** প্রতিটি উপজেলায় ফায়ার স্টেশন স্থাপনের নিমিত্ত গত তিন বছরে ৭৫ টি ফায়ার স্টেশন চালুর মাধ্যমে বর্তমানে চালুকৃত স্টেশনের সংখ্যা ৫০৬ টি। দেশের নাগরিকদের সুবিধার্থে ১৬১৬৩ হটলাইন চালু করার মাধ্যমে দ্রুত দুর্ঘটনার সংবাদ পাওয়া যাচ্ছে। সীতাকুন্ডে বি এম কন্টেইনারে ডিপো বিস্ফোরণ, গুলশান-২ এর আবাসিক ভবনে অগ্নিদুর্ঘটনাসহ অন্যান্য দুর্ঘটনা সফলতার সাথে মোকাবিলার মাধ্যমে ৬৬৭৮০ টি অগ্নিদুঘটনা ও ৩১৩৬৫ টি অন্যান্য দুর্ঘটনা মোকাবিলা করে প্রায় ৪৩৮১ কোটি টাকার সম্পদ রক্ষাসহ ২৮,৪৮৮ জনকে জীবিত এবং ৫৫৫৮ জনকে মৃত উদ্ধার করা হয়। কর্মীদের মনোবল বৃদ্ধি ও ও সেবার মান গতিশলি করার লক্ষ্যে ১২৬ জনকে পদক ২৭৬ জনকে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৫৯৩৮ জন নতুন কমিউনিটি ভলান্টিয়ার ও ২৩০ জন রোহিংগা শরণার্থী ৫০৮৪০৭ জন জনসাধারনকে প্রশিক্ষণ প্রদানসহ ৪৫,৪৮৪ টি অগ্নি নির্বাপনী মহড়া এবং ৮৩৭৪ টি সার্ভে করা হয়েছে। জনসেবা/সমাজ সেবা প্রদানে অনবদ্য অবদানের স্বীকৃতি স্বরুপ অত্র বিভাগ "স্বাধীনতা পদক-২০২৩" পুরস্কার অর্জন করেছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী উদ্ধারকার্য পরিচালনা | জানমালের নিরাপত্তা বিধান ও ক্ষয়ক্ষতির পরিমান হ্রাস | ২ | উদ্ধার (শতকরা) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| | এ্যাম্বুলেন্স সেবা প্রদান | | জন | ১০৮০০ | ১০৮০০ | ১০৫০০ | ১০৬০০ | ১১০০ | ১১২০০ | ১১৫০০ |
| ২. অগ্নি নির্বাপণী প্রশিক্ষণ এবং মহড়া ও অগ্নি নির্বাপণ | অগ্নিকান্ড ও ক্ষয়ক্ষতির পরিমাণ হ্রাস | ২ | মহড়ার সংখ্যা | ৫০০০ | ৪৫০০ | ৫৬০০ | ৫৮৮২ | ৬০০০ | ৬২০০ | ৬৫০০ |
| | | | প্রশিক্ষণার্থীর সংখ্যা (জন) | ৩৫০০০ | ২৫২৭৭ | ৪৭০০০ | ৩৩০০০ | ৪৭২০০ | ৪৭৫০০ | ৫০০০০ |
| ৩. উদ্ধার কার্যক্রমের দক্ষতা ও সরঞ্জাম বৃদ্ধি | উদ্ধার গাড়ির সংখ্যা বৃদ্ধি | ২ | গাড়ির সংখ্যা | ১০ | ৩ | ২০ | ১৩ | ৫০ | ৭০ | ১০০ |
| | দক্ষ ও প্রশিক্ষিত জনবল | | প্রশিক্ষিত জনবল (সংখ্যা) | ১৪৪৬৮ | ১৩৮৬২ | ১৪৫১৫ | ১৪৩০০ | ১৫০০০ | ১৫৫০০ | ১৬০০০ |
| | এ্যাম্বুলেন্স ও অন্যান্য সরঞ্জাম বৃদ্ধি | | এ্যাম্বুলেন্স (সংখ্যা) | | | - | - | ৫০ | ৫১ | - |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালনা কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৬১০৩০১ প্রধান কার্যালয়, বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ অধিদপ্তর | ১-৩ | ১২৪,৮৯,৫০ | ২১১,৯২,৪৩ | - | ২০২,৫০,২৯ | ২১৭,১০,৪০ | ২৩৮,৬৪,৮৮ |
| ১৬১০৩০২ বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ প্রশিক্ষণ ইনস্টিটিউট | ১-৩ | ১৮,১৬,৭৮ | ২১,৩১,৩৫ | - | ২২,৩৭,৯১ | ২৩,৯৪,৫৬ | ২৫,৭১,০৪ |
| ১৬১০৩০৩ উপ-পরিচালকের কার্যালয়সমূহ বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ অধিদপ্তর | ১-৩ | ৪৫৯,৩৪,০৮ | ৪৯৬,৩৪,০৮ | - | ৪১,৩৯,০৬ | ৪৪,৩৮,৯৭ | ৪৭,৫৫,২৫ |
| ১৬১০৩০৪ সহকারী পরিচালকের কার্যালয়সমূহ বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ অধিদপ্তর | ১-৩ | - | - | - | ১৩৫,৬৭,৩৬ | ১৪৭,৪৭,৩৫ | ১৫৬,৮৩,৯৮ |
| ১৬১০৩০৫ উপসহকারী পরিচালকের কার্যালয়সমূহ বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ অধিদপ্তর | ১-৩ | - | - | - | ৯৯,১২,২০ | ১০৩,৮৯,৮১ | ১১১,১৭,৬২ |
| ১৬১০৩০৬ ফায়ার স্টেশনসমূহ বেসামরিক প্রতিরক্ষা ও অগ্নিনির্বাপণ অধিদপ্তর | ১-৩ | - | - | - | ২৪৮,৯৭,৮৬ | ২৬১,৬৭,৪৫ | ২৭৭,৫২,৫৮ |
| **মোট: সাধারণ কার্যক্রম** | | **৬০২,৪০,৩৬** | **৭২৯,৫৮,৫৮** | - | **২৬৬,২৭,২৬** | **২৮৫,৪৩,৯৩** | **৩১১,৯১,১৭** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৬১৩ বেসামরিক প্রতিরক্ষা এবং অগ্নিনির্বাপণ অধিদপ্তর এর জন্য খাদ্য ভরতুকি | ১ | ৭১,৯০,৮৪ | ৭৬,৮০,১৯ | - | ৯২,৭৯,০০ | ৯৮,০০,০০ | ১০১,৭৮,৫৯ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **মোট: বিশেষ কার্যক্রম** | | ৭১,৯০,৮৪ | ৭৬,৮০,১৯ | - | ৯২,৭৯,০০ | ৯৮,০০,০০ | ১০১,৭৮,৫৯ |
| **মোট: পরিচালন কার্যক্রম** | | **৬৭৪,৩১,২০** | **৮০৬,৩৮,৭৭** | - | **৮৪২,৮৩,৬৮** | **৮৯৬,৪৮,৫৪** | **৯৫৯,২৩,৯৪** |
| উন্নয়ন কার্যক্রম | | | | | | | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি | | | | | | | |
| ২২৩০০৩৬২০০- স্ট্রেংথনিং এবেলিটি অব ফায়ার ইর্মাজেন্সি রেসপন্স (সাফার) প্রজেক্ট (০১/১০/২০১৮-৩১/১২/২০২২) অনুমোদিত | ১- ৩ | ২৫,৮৩,০০ | - | - | - | - | - |
| ২২৪২৮০৩০০-১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (০১/০১/২০১৯-৩১/১২/২৩) অনুমোদিত | ৩ | ৬৭,০০,০০ | ৮২,৭৪,০০ | - | - | - | - |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেজ-২) প্রকল্প ০১/১০/২০২৩ হতে ৩০/০৬/২০২৬ অনুমোদিত | ৩ | - | - | - | ৪৮,০৬,৫৫ | ৪৯,৫১,০৫ | ৫০,০০,০০ |
| **মোট: বার্ষিক উন্নয়ন কর্মসুচি** | | **৯২,৮৩,০০** | **৮২,৭৪,০০** | - | **৪৮,০৬,৫৫** | ৪৯,৫১,০৫ | ৫০,০০,০০ |
| **মোট: উন্নয়ন কার্যক্রম** | | **৯২,৮৩,০০** | **৮২,৭৪,০০** | - | **৪৮,০৬,৫৫** | ৪৯,৫১,০৫ | ৫০,০০,০০ |
| মোট: | | **৮৫৯,৯৭,২০** | **৮৮৯,১২,৭৭** | - | **৮৯০,৯০,২৩** | **৯৪৫,৯৯,৫৯,** | **১০০৯,২৩,৯৪** |

## ৬.৩ কারা অধিদপ্তর

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** কারা বন্দিদের সংশোধনের অংশ হিসেবে গত জুলাই/২০২০ হতে জুন/২০২৩ পর্যন্ত ৩৮ টি কারাগারে ১৯৮০০ জন বন্দিকে ৩৯টি ট্রেডে কারিগরী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বন্দিদের উৎপাদিত পণ্যের বিক্রয়লব্ধ অর্থ এপ্রিল/২০১৮ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ৬৭৮২৫ জন বন্দিকে ৫০% লভ্যাংশ হিসাবে ১,৮৮,৯৭,৫০৯/- টাকা মজুরি প্রদান করা হয়েছে। কারা বন্দিদের টেলিফোনে কথা বলার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২৮টি কারাগারে মোবাইল ফোন বুথ চালু করা হয়েছে। বন্দির স্বজনদের সময় অর্থ ও কষ্ট লাঘবে বিকাশ ও নগদের মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে (পিসি) তে টাকা প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। দেশের সকল কারাগারে জামিন/খালাসপ্রাপ্ত বন্দিদের নামের তালিকাসহ বিভিন্ন কার্যক্রম এলইডি ডিসপ্লেতে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। বিগত ৩ বছরে কারাগারে আটক মাদকাসক্ত ৪৮৬২৮ জন বন্দিকে বিশেষ সেবা/চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৫টি কারাগারে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে। কারাগারে মাদকাসক্ত বন্দিদের জন্য মোট ১৪১৭ টি কাউন্সেলিং কার্যক্রম করা হয়েছে। কারাগারের ধারণ ক্ষমতা ৪২৮৬৬ জন এ উন্নীত করা হয়েছে। উন্নয়ন প্রকল্পের আওতায় খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কাজ-৮৬%, নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কাজ-৪৯%, জামালপুর জেলা কারাগার পুনঃ নির্মাণ প্রকল্পের কাজ-৭%, কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃ নির্মাণ প্রকল্পের কাজ-২৬%, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের কাজ-৪০%, পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্পের কাজ-২৫%, বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। ১২ টি কারাগারে শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। ৫৫ টি কারাগারে নিরাপত্তা যন্ত্রপাতি সংযোজন করা হয়েছে। বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার লক্ষ্যে কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জুলাই-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সময়ে ৫৪টি কারাগারে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | মধ্যমেয়াদী লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১.কারাবন্দিদের সেবা প্রদান | কারাবন্দিদের সেবা | ৫ | শতকরা (%) | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| | কারা বন্দিদের আবাসন | | সংখ্যা/জন | ৪২৭০০ | ৪২৮৬৬ | ৪৩০০০ | ৪৩০০০ | ৪৩৫০০ | ৪৪০০০ | ৪৪৫০০ |
| ২.কারাবন্দিদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম বিভিন্ন কারাগারে সম্প্রসারণ | সংখ্যা (কারারগার) | ৫ | সংখ্যা | ৩৩ | ৩৩ | ৩৮ | ৩৮ | ৪০ | ৫০ | ৫৫ |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০১৭-১৮ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৪ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন (সংশোধিত), ২০২০ কার্যকর করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীদের (পোশাক ও সামগ্রী প্রাধিকার) বিধিমালা, ২০২১; বেসরকারি পর্যায়ে মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকাসক্তি পুনর্বাসন কেন্দ্র ও মাদকাসক্তি পরামর্শ কেন্দ্র প্রতিষ্ঠা ও পরিচালনা বিধিমালা, ২০২১; বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলির জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২২; অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২ এবং বাজেয়াপ্তযোগ্য বস্তু আটক, ব্যবস্থাপনা ও নিষ্পত্তিকরণ

বিধিমালা, ২০২২ প্রণয়ন করা হয়েছে। বিগত ০৩ বছরে মাদকবিরোধী ২,৮২,৫৫৯টি অভিযান পরিচালনা করে ৭১৮৭৭টি মামলা দায়ের এবং ৭৭,১১৮ জন মাদক অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে। একই সঙ্গে ১,৩১,৯২,৯৪৫ পিস ইয়াবা; ৭৭৩০৩ বোতল ফেনসিডিল; ৫৫.২২২ কেজি হেরোইন,১৫,৩১৩ কেজি ক্রিস্টাল মেথ/আইস, ৩০৭ টি এলএসডি এবং ২৪০৫২.৭৮ কেজি গাঁজাসহ অন্যান্য বিপুল পরিমাণে মাদক জব্দ করা হয়েছে। এছাড়া ৪টি মানিলন্ডারিং মামলা দায়ের করা হয়েছে। তাছাড়া উক্ত সময়ে মাদকবিরোধী অভিযানকালে মাদক উদ্ধারের পাশাপাশি ২৬টি বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র, ৩টি ম্যাগাজিন ও ২৯১ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। মাদকের বিরুদ্ধে সমন্বিত কর্মপরিকল্পনা (Comprehenchive Action Plan) বাস্তবায়ন করা হয়েছে। বিগত ০৩ বছরে ৩১,০৮০ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনসহ ৩,৬৪,১০৮টি লিফলেট; ৭৫,৬০০টি মাদকবিরোধী ফেস্টুন; ১৫,৯৯৮টি সভা-সেমিনার, ১৩০২৬টি মাদকবিরোধী স্লোগান সম্বলিত খাতা, ৫১৫৯টি মগ, ৮,০০০টি ফোল্ডার, ৯০৬১টি টি-শার্ট এবং ৩,০০০টি ছাতা মাদকবিরোধী স্লোগান সম্বলিত বিবিধ সামগ্রী বিতরণ করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিজিবি, পুলিশ, র‍্যাব, কাস্টমস ও অন্যান্য সংস্থা কর্তৃক দায়েরকৃত মাদক অপরাধ সংক্রান্ত মামলায় ৭৩,৬৫১ টি নমুনা অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে পরীক্ষাপূর্বক রিপোর্ট প্রদান করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১.সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা | স্কুল ও কলেজের কমিটি | ২ | সংখ্যা (হাজার) | ৩১.০০ | ৩১.০৮ | ৩১.৫০ | ৩১.১০ | ৩১.২০ | ৩১.২৫ | ৩১.৩০ |
| | সভা, সেমিনার,কনফারেন্স শ্রেণী বক্তৃতা | | সংখ্যা (হাজার) | ১২.৮০ | ১২.৮০ | ১২.৯০ | ১৩.০০ | ১৩.২০ | ১৩.৫০ | ১৪.০০ |
| ২.মাদক বিরোধী অভিযান পরিচালনা | মামলার সংখ্যা | ২ | সংখ্যা (হাজার) | ১৪.৫০ | ২১.৮৩ | ১৭.০০ | ১৭.১০ | ১৭.৩০ | ১৭.৫০ | ১৭.৭০ |
| | আটকের সংখ্যা | | সংখ্যা (হাজার) | ১৪.০০ | ১৯.০২ | ১৭.০০ | ১৭.২০ | ১৭.৪০ | ১৭.৬০ | ১৭.৭০ |
| ৩.মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন | লাইসেন্সকৃত বেসরকারি নিরাময় কেন্দ্র | ২ | সংখ্যা | ৩৭৫ | ৩৮০ | ৩৮০ | ৩৮০ | ৩৯০ | ৪০০ | ৪১০ |
| | চিকিৎসা সেবা গ্রহণকারী (সরকারি ও বেসরকারিসহ) | | সংখ্যা (হাজার) | ৩৬.০০ | ৩৬.০০ | ৩৬.০০ | ৩.৬০ | ৩৭.০০ | ৩৮.০০ | ৩৯.০০ |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৫ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত ৭১ লক্ষ ৪৯ হাজার ৫৮৩ টি মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এবং ৬ লক্ষ ৩৮ হাজার ৪৭৭ টি মেশিন রিডেবল ভিসা (এমআরভি) এবং ১ কোটি ২৩ লক্ষ ৮৪ হাজার ই-পাসপোর্ট ইস্যু করে ৫,৯০৩ কোটি টাকা রাজস্ব আয় করেছে। মাননীয় প্রধানমন্ত্রী গত ২২ জানুয়ারি ২০২০ তারিখে আধুনিক প্রযুক্তি নির্ভর ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা কার্যক্রম আনুষ্ঠানিকভাবে চালু করেন। এরই ধারাবাহিকতায় ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে ও বেনাপোল স্থলবন্দরে ২০১৯-২০২৩ সালে মোট ৪৪ টি ই-গেইট স্থাপন করা হয়েছে। জুলাই ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত ১৬ টি আঞ্চলিক পাসপোর্ট অফিসের নিজস্ব ভবন এবং পাসপোর্ট প্রিন্টিং এর জন্য পৃথক ইউনিট 'পার্সোনালাইজেশন কমপ্লেক্স' নির্মাণ করা হয়েছে। এ ছাড়া, মালয়েশিয়ায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের দ্রুততম সময়ে পাসপোর্ট প্রদানের লক্ষ্যে কুয়ালালামপুরে স্থাপিত পৃথক অফিসে অধিদপ্তরের জনবল প্রেরণ করে ২৯ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত ২,৬৪,১৪০ টি পাসপোর্ট প্রদান করা হয়েছে। বিদেশস্থ ৪৩ টি মিশনে ই-পাসপোর্ট কার্যক্রম চালু করা হয়েছে। অধিকন্তু, নিজস্ব ব্যবস্থাপনায় এ অধিদপ্তর পাসপোর্ট বুকলেট তৈরিতে সক্ষমতা অর্জন করেছে। আরও ৩৭টি মিশনে ই-পাসপোর্ট চালু করা হবে। জিটুজি পদ্ধতিতে সংযুক্ত আরব আমিরাত সরকারের প্রতিষ্ঠান Emirates Technology Solutions LLC (ETEK) এবং তার কারিগরি সহযোগী প্রতিষ্ঠান Société Internationale de Télécommunications Aéronautiques (SITA) কর্তৃক ই-ভিসা কার্যক্রম চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে সংযুক্ত আরব আমিরাত সরকারের সাথে এ বিষয়ে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ETEK-SITA কর্তৃক দাখিলকৃত কারিগরি ও আর্থিক প্রস্তাব উপযুক্ত বিবেচিত হওয়ায় তা অনুমোদনের জন্য অর্থনৈতিক বিষয় সম্পর্কিত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. দেশে/বিদেশে বাংলাদেশী নাগরিকদের ই- | মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু | ৪ | সংখ্যা (হাজার) | ৮,০০ | ৯,৮৯ | ৩,০০ | ৩,০০ | ৩,০০ | ২,০০ | ১,০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| পাসপোর্ট ইস্যুকরণ | মেশিন রিডেবল ভিসা ইস্যু | | সংখ্যা (হাজার) | ২,৬০ | ৪৮ | ২,৭০ | ২,৭০ | ২,৮০ | ২,৯০ | ৩,০০ |
| | ই-পাসপোর্ট ইস্যু | | সংখ্যা (হাজার) | ৩৫,০০ | ৫৩,৪৪ | ৪০,০০ | ৪০,০০ | ৪৫,০০ | ৫০,০০ | ৫৫,০০ |
| ২. ওয়েবসাইটে পাসপোর্ট ও ভিসা সংক্রান্ত তথ্যাদি প্রদান | কভারেজ | | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

**৬.৫.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন**

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২২-২৩ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

২০/২/২৪

আবেদা আফসারী
উপসচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়